অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস ব্রুকলিনের ইস্ট নিউ ইয়র্কে যৌথ-ব্যবহারের সাশ্রয়ী মূল্যের আবাসন সুবিধা উন্নয়নের যুগান্তকারী ঘোষণা দিয়েছেন

রূপান্তরমূলক প্রকল্পটি স্থায়ীভাবে 174টি সাশ্রয়ী মূল্যের বাড়ি, গৃহহীনদের জন্য 169টি বাড়ি সম্বলিত একটি আশ্রয় এবং সেন্ট্রাল ব্রুকলিনে 7,600 বর্গফুটের বেশি রিটেইল সুবিধা বয়ে আসবে

গভর্নর ক্যাথি হোকল এবং মেয়র এরিক অ্যাডামস আজ লোগান ফাউন্টেন (Logan Fountain)-এর যুগান্তকারী ঘোষণা দিয়েছেন যেটি একটি যৌথ-ব্যবহারের প্রকল্প 2016 ইস্ট নিউ ইয়র্ক রিজোনিংয়ের অধীনে নির্মাণ করা হয়েছে যা একটি অকার্যকর গ্যাস স্টেশনকে সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিট, গৃহহীন পরিবারের জন্য ট্রানজিশনাল হাউজিং এবং নতুন রিটেইল জায়গাতে রূপান্তরিত করবে।

গভর্নর হোকল বলেন, "নিউ ইয়র্ক জুড়ে, আমরা এমন কাঙ্খিত ক্ষেত্রগুলোতে বিনিয়োগ করছি যেগুলো সাশ্রয়ী মূল্যের আবাসনের সুযোগ বাড়ানোর পাশাপাশি যে পরিবারগুলোর সবচেয়ে বেশি প্রয়োজন তাদের জন্য সহায়ক এবং অন্তর্বর্তীকালীন বাড়িগুলো প্রদান করে। আবাসন এবং অর্থনৈতিক উন্নয়ন পরস্পরের উপর নির্ভরশীল এবং লোগান ফাউন্টেন হলো একটি নিখুঁত উদাহরণ যে কিভাবে মেয়র অ্যাডামস এবং আমি প্রতিটি বরোতে নতুন বাড়ি, নতুন পরিষেবা এবং নতুন ব্যবসা ক্ষেত্র চালুর জন্য যৌথভাবে কাজ করছি।"

নিউ ইয়র্ক সিটির মেয়র অ্যাডামস বলেন, "লোগান ফাউন্টেনের মতো প্রকল্পগুলো ইস্ট নিউ ইয়র্ক এবং সিটি জুড়ে থাকা কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য বেশ গুরুত্বপূর্ণ। এই প্রকল্পটি কমিউনিটিতে কোনো অবদান না রাখা একটি অকার্যকর গ্যাস স্টেশনকে রূপান্তরিত করবে অত্যধিক প্রয়োজনীয় স্থায়ীভাবে সাশ্রয়ী মূল্যের আবাসনে, গৃহহীনতার সম্মুখীন আমাদের প্রতিবেশীদের জন্য নিরাপদ থাকার জায়গা এবং কমিউনিটি-সার্ভিং রিটেইল স্পেস — সবকিছুই পাবলিক ট্রান্সপোর্টে সহজ অ্যাক্সেস নিশ্চিত করে। আমি এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি এগিয়ে যেতে দেখে বেশ উচ্ছ্বসিত এবং এটিকে বাড়ি বলে ডাকা নিউ ইয়র্কবাসীদের সাথে উদযাপন করার জন্য উন্মুখ হয়ে আছি।"

আবাসন সুবিধাকে আরো সাশ্রয়ী, ন্যায়সঙ্গত এবং স্থিতিশীল করার জন্য প্রকল্পটি গভর্নর হোকলের ব্যাপক পরিকল্পনার পরিপূরক। অর্থ বর্ষ 2023 স্টেট বাজেটে, গভর্নর একটি 25

বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছরের ব্যাপক আকারের আবাসন পরিকল্পনা প্রবর্তন ও সফলভাবে সুরক্ষিত করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করে 10,000 জন ঝুঁকিপূর্ণ জনসংখ্যার জন্য সহায়তা পরিষেবা এবং অতিরিক্ত 50,000 বাড়ির বিদ্যুতায়নের মাধ্যমে আবাসন সুবিধা সরবরাহ বৃদ্ধি করবে।

265 Logan Street-এ অবস্থিত, লোগান ফাউন্টেন একটি হাইব্রিড মডেল হিসেবে ডিজাইন করা হয়েছিল যাতে একটি সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন নির্মাণ এবং একটি 13-তলা ভবনে একটি পারিবারিক আশ্রয় সুবিধা যুক্ত থাকবে। পূর্বাঞ্চলীয় শাখায় নিম্ন-আয়ের পরিবারের যারা মধ্য আয়সীমার 50 থেকে 70 শতাংশের মধ্যে উপার্জন করে তাদের জন্য 69টি সাশ্রয়ী মূল্যের বাড়ি এবং পূর্বে গৃহহীন ব্যক্তিদের জন্য 105টি বাড়ি থাকবে। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হোমলেস সার্ভিসেস (New York City Department of Homeless Services) কর্তৃক প্রদত্ত গৃহহীন পরিবারের জন্য 169টি বাড়ি নিয়ে পূর্বাঞ্চলীয় শাখা গঠিত হবে। ভবনটিতে আটলান্টিক এভিনিউ (Atlantic Avenue) বরাবর প্রায় 7,677 বর্গফুট গ্রাউন্ড-ফ্লোরের রিটেইল জায়গাও যুক্ত থাকবে। MHG আর্কিটেক্টস প্রকল্পটির ডিজাইন করেছে এবং ব্রডওয়ে বিল্ডার্স নির্মাণ করবে যা হাডসন কোম্পানির অধিভুক্ত।

লোগান ফাউন্টেন তার বাসিন্দাদের নানাবিধ সুযোগ-সুবিধা প্রদান করবে। সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসনের ক্ষেত্রে, সুযোগ-সুবিধার মধ্যে একটি ফিটনেস রুম, শিশুদের খেলার জায়গা সহ ল্যান্ডস্কেপড কমন ইয়ার্ড, একটি বাগান সহ একাধিক টেরেস, সাইকেল স্টোরেজ রুম এবং লন্ড্রি রুম অন্তর্ভুক্ত থাকবে। আর রূপান্তরমূলক আবাসনের ক্ষেত্রে, পরিবারগুলো আউটডোর এবং ইনডোর চাইল্ড কেয়ার স্পেস, সাইকেল স্টোরেজ এবং লন্ড্রি রুমে অ্যাক্সেস পাবে।

জেরিকো প্রজেক্ট (Jericho Project), গৃহহীনদের জন্য একটি সম্মানীয় অলাভজনক সুবিধা প্রদানকারী যেটি সাশ্রয়ী মূল্যের আবাসনে পূর্বে গৃহহীন পরিবারগুলোর জন্য অন-সাইটে সহায়ক পরিষেবা এবং প্রোগ্রামিং বিষয়ক একটি হোস্ট চালু করবে। এছাড়াও, HELP USA যেটি গৃহহীনদের জন্য জাতীয়ভাবে-পরিচিত একটি সামাজিক পরিষেবাদানকারী, আশ্রয়ের বাসিন্দাদের জন্য ক্লায়েন্ট কেয়ারের সমন্বয় এবং পরিষেবাগুলো পরিচালনা ও প্রদান করবে।

লোগান ফাউন্টেন সুবিধাজনকভাবে নরউড এভিনিউ জে ট্রেন সাবওয়ে স্টেশন থেকে দুই ব্লক এবং ইউক্লিড এভিনিউ এ ট্রেন সাবওয়ে স্টেশন থেকে হেঁটের যাওয়ার মতো সামান্য দূরত্বে অবস্থিত।

নির্মাণকাজ আগস্টে শুরু হয়েছিল এবং 2024 সালের শেষের দিকে সমাপ্ত হবে বলে আশা করা হচ্ছে। ডেভেলপমেন্ট টিমে হাডসন কোম্পানি, জেরিকো প্রজেক্ট এবং HELP USA যুক্ত রয়েছে।

লোগান ফাউন্টেনের সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন কম্পোনেন্টের জন্য নির্মাণ অর্থায়ন মোট 117 মিলিয়ন মার্কিন ডলার যার মধ্যে সিটি (Citi) সহ ট্যাক্স-মুক্ত বন্ড এবং ফেডারেল নিম্ন-আয়ের আবাসন ট্যাক্স ক্রেডিট নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) যা নির্মাণের সময়কালের লেটার অব ক্রেডিট, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হাউজিং প্রিজারভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (New York City

Department of Housing Preservation and Development) থেকে একটি ভর্তুকি, প্রাক্তন কাউন্সিল মেম্বার রাফায়েল এসপিনাল থেকে অর্থায়ন এবং সিন্ডিকেটর হিসেবে হাডসন হাউজিং ক্যাপিটালের সাথে ট্যাক্স ক্রেডিট ইকুইটি এবং বিনিয়োগকারী হিসেবে জেপি মরগান চেজ প্রদান করে। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হোমলেস সার্ভিসেসের সাথে চুক্তির মাধ্যমে সিটি (Citi) থেকে সংগৃহীত ঋণ আশ্রয় অংশের জন্য 97 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়ন প্রদান করেছে। সিটি (Citi) সমগ্র প্রকল্পের নির্মাণ ব্যয় নির্বাহ এবং পর্যবেক্ষণ ব্যবস্থা পরিচালনা করবে।

প্রকল্পটি 2016 ইস্ট নিউ ইয়র্ক রিজোনিংয়ের একটি মূল অংশ যা অঞ্চলটিতে 16.7 মিলিয়ন মার্কিন ডলারের পুঁজি বিনিয়োগ বয়ে আনবে। বিনিয়োগ কৌশল তৈরি করতে, সিটি 2014 সালে কমিউনিটির সাথে যুক্ত ছিল এবং নতুন অবকাঠামো, পার্ক, কমিউনিটির ফ্যাসিলিটি, সাশ্রয়ী মূল্যের আবাসন এবং ক্ষুদ্র ব্যবসার জন্য সহায়তার প্রয়োজনীয়তাকে অগ্রাধিকার দিতে ইস্ট নিউ ইয়র্ক কমিউনিটি প্ল্যান প্রতিষ্ঠা করেছে।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথ অ্যান ভিসনাউসকাস বলেন, "লোগান ফাউন্টেনের মতো উন্নয়নগুলো সেন্ট্রাল ব্রুকলিনের আশেপাশের এলাকায় ঐতিহাসিক অর্থনৈতিক অসুবিধাগুলো এবং সিটি ও স্টেট জুড়ে বিদ্যমান আরো মানসম্পন্ন সাশ্রয়ী মূল্যের আবাসনের ক্রমবর্ধমান সমস্যাবলির সমাধান করছে। HPD-এ আমরা আমাদের সহযোগীদের পাশাপাশি আমাদের উন্নয়ন অংশীদারদের সাথে সেইসব পরিবার এবং যারা আবাসন নিরাপত্তাহীনতার সাথে লড়াই করেছেন তাদের জন্য 174টি স্থায়ী ও সহায়ক বাড়ি প্রদান করতে পেরে বেশ রোমাঞ্চিত। সম্পত্তিটিতে একটি নতুন DHS ফ্যাসিলিটির অন্তর্ভুক্তিকরণ গৃহহীনতার সম্মুখীন হওয়া পরিবারগুলোকে যত তাড়াতাড়ি সম্ভব স্থিতিশীলতা অর্জনে এবং আশ্রয় সুবিধা থেকে বেরিয়ে আসতে সাহায্য করবে। গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে, আমরা ব্রুকলিনে এই ধরনের চিন্তাশীল, স্বাস্থ্যকর এবং টেকসই উন্নয়ন কাজে বিনিয়োগ জারি রাখবো।"

নিউ ইয়র্ক সিটির কাউন্সিলমেম্বার স্যান্ডি নার্স বলেন, "কমিউনিটি বোর্ড 5-এর প্রায় 60% লোক ভাড়ার বোঝায় আটকা পড়ে রয়েছে। এভিকশন ফাইলিং আকাশচুম্বী এবং সহায়ক আবাসন ব্যবস্থার ইজারা পদ্ধতি স্থবির হয়ে আছে। লোগান ফাউন্টেনের কাজ সমাপ্ত হলে, আমাদের ডিস্ট্রিক্টে 174 ইউনিট পারিবারিক আকারের সাশ্রয়ী মূল্যের আবাসন এবং 169টি রূপান্তরমূলক আবাসন সুবিধা বাস্তবায়ন হলে এই গুরুত্বপূর্ণ চাহিদাবলি পূরণ করবে। এই প্রকল্পটিতে 105 ইউনিট সহায়ক আবাসন যুক্ত রয়েছে যা আবাসন বা গৃহহীন প্রতিবেশীদের আরো সাহায্য করবে। টেকসই নকশা, স্থানীয় নিয়োগ এবং MWBE চুক্তির সমন্বয়ে, লোগান ফাউন্টেন ডিস্ট্রিক্ট 37-এ একটি অনাড়ম্বরপূর্ণ সংযোজন।"

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হাউজিং প্রিজারভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট কমিশনার অ্যাডলফো ক্যারিয়ন জুনিয়র বলেন, "কীভাবে সিটি এবং স্টেট সবচেয়ে ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের আবাসনের জন্য একসাথে কাজ করে চলেছে তার একটি দুর্দান্ত উদাহরণ লোগান ফাউন্টেন। এই উন্নয়নটি পূর্বে গৃহহীন এবং নিম্ন-আয়ের পরিবারের জন্য শুধুমাত্র 174টি স্থায়ী সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক বাড়ি নিয়ে আসে না বরং এটি একটি নতুন পারিবারিক আশ্রয়ে 169টি শয্যাও অন্তর্ভুক্ত করে। আমরা হাডসন কোম্পানিজ, জেরিকো

প্রজেক্ট, HELP USA এবং স্থানীয় নির্বাচিত কর্মকর্তাদের সাথে ইস্ট নিউ ইয়র্কে আরো সাশ্রয়ী মূল্যের বাড়ির ব্যবস্থা করতে পেরে গর্বিত।"

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ সোশ্যাল সার্ভিসেস কমিশনার গ্যারি পি জেনকিন্স বলেছেন, "লোগান ফাউন্টেন মিশ্র-ব্যবহারের সাশ্রয়ী মূল্যের হাউজিং ডেভেলপমেন্টে নির্মাণ শুরু হওয়া দেখে আমরা রোমাঞ্চিত যেটি সম্পন্ন হলে, শত শত দুর্বল ব্যক্তি এবং পরিবারকে তাদের স্থিতিশীলতা এবং নিরাপত্তা অর্জন করার জন্য আবশ্যক ক্রান্তিকালীন এবং সাশ্রয়ী মূল্যের সুবিধা প্রদান করবে। নিউ ইয়র্কবাসীদের তাদের প্রয়োজনীয় এবং প্রাপ্য উচ্চ-মানের আবাসন এবং আশ্রয়ের সুবিধাগুলির সাথে দক্ষভাবে সংযোগ করার জন্য আমাদের ক্রমাগত প্রচেষ্টার জন্য এই জাতীয় প্রকল্পগুলি গুরুত্বপূর্ণ। আমরা এই অবিশ্বাস্য প্রকল্পটি চালু করার জন্য আমাদের সরকারি এবং বেসরকারি অংশীদারদের প্রতি কৃতজ্ঞ এবং আমরা এই শহরটিকে সবার জন্য আরো ন্যায়সঙ্গত এবং সাশ্রয়ী করার জন্য আমাদের শেয়ারকৃত লক্ষ্যে একসাথে কাজ করার জন্য উন্মুখ।"

সিটি প্ল্যানিং কমিশনের চেয়ারম্যান এবং সিটি প্ল্যানিং ডিপার্টমেন্টের ডিরেক্টর ড্যান গারোডনিক বলেন, "সাবওয়ে এবং সিটি লাইন পার্কের কাছে এই নতুন আয়-সীমাবদ্ধ এবং সহায়ক বাড়িগুলি আরও প্রমাণ করে যে পূর্ব নিউ ইয়র্ক নেইবারহুড প্ল্যান বাস্তব ফলাফল প্রদান করে চলেছে। মেয়র অ্যাডামসের সিটি অভ ইয়েস উদ্যোগের সাথে, আমরা এই সাফল্যের উপর ভিত্তি করে গড়ে উঠবো এবং সকলের জন্য একটি উজ্জ্বল ভবিষ্যত গড়ে তুলব।"

সারাহ পিজার, ডেভেলপমেন্ট ডিরেক্টর, দ্য হাডসন কোম্পানি, বলেন, "আজকের গ্রাউন্ডব্রেকিং/উদঘাটন নিউ ইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণের জন্য আমাদের দীর্ঘস্থায়ী প্রতিশ্রুতির একটি সত্য প্রমাণ। আমরা HELP USA এবং দ্য জেরিকো প্রজেক্ট (The Jericho Project)-এর সাথে কাজ করতে পেরে গর্বিত, যা ট্রানজিশনাল হাউজিং কম্পোনেন্টে পরিবারগুলির জন্য গুরুত্বপূর্ণ সামাজিক পরিষেবা নিয়ে আসবে৷ আমরা আমাদের শহর এবং স্টেটের অংশীদারদেরকেও এই উদ্ভাবনী উন্নয়নকে সফল করতে তাদের চলমান সমর্থন এবং সহযোগিতার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

জেরিকো প্রজেক্টের সিইও টোরি লিয়ন বলেন, "জেরিকো প্রজেক্ট লোগান ফাউন্টেনকে সহায়তা করতে পেরে খুশি, যার উদ্ভাবনী হাইব্রিড সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন পরিবার এবং প্রাপ্তবয়স্কদের জন্য নিরাপত্তার ভিত্তি প্রদান করবে৷ আমরা ব্রুকলিনে এমন ব্যাপক পরিষেবা নিয়ে আসতে পেরে খুবই গর্বিত যা আমরা জানি যে উপকারভোগী ব্যক্তিদের কাছে অমূল্য কারণ তারা নিজেদের এবং তাদের পরিবারের জন্য নতুন জীবন গড়ে তুলবে। আমরা মেয়র এরিক অ্যাডামস, দ্য হাডসন কোম্পানিজ, HELP USA, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হাউজিং প্রিজারভেশন অ্যান্ড ডেভেলপমেন্ট, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হোমলেস সার্ভিসেস এবং নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালকে এই গুরুত্বপূর্ণ প্রকল্পে নেতৃত্ব দেওয়ার জন্য সাধুবাদ জানাই।"

টম হ্যামলাইন, পিএইচডি, সিইও এবং প্রেসিডেন্ট, HELP USA বলেন, "ইস্ট নিউ ইয়র্ক হলো যেখানে HELP USA-এর কাজ শুরু করেছে এবং এখানেই আমরা যারা সবচেয়ে বেশি প্রয়োজন

তাদের জন্য উন্নত জীবন গড়তে বিনিয়োগ করে চলেছি। লোগান ফাউন্টেন হলো পাবলিক-প্রাইভেট অংশীদারিত্বের একটি মডেল এবং এই প্রকল্পটি দেখায় যে আমরা যখন সহযোগিতার প্রতিশ্রুতিবদ্ধ হই তখন আমরা আমাদের শহরের আবাসন সংকটের বাস্তব সমাধানগুলিকে প্রভাবিত করতে পারি। মেয়র অ্যাডামস, দ্য হাডসন কোম্পানিজ, জেরিকো প্রজেক্ট এবং সমস্ত স্টেকহোল্ডারদের ধন্যবাদ এই বেঞ্চমার্ক উন্নয়নে চ্যাম্পিয়ন হওয়ার জন্য।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418